উপজেলা পরিষদ

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

## বিষয় ঃ ফেব্রুয়ারি/২০২০ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

তারিখ ঃ ১৩ ফেব্রুয়ারি ২০২০।

সময় ঃ সকাল ১১:০০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠক্রমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ-

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা বলেন, মাননীয় মন্ত্রী মহোদয়ের প্রচেষ্ঠায় আমরা রূপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর জন্য যে অত্যাধুনিক একটি নতুন এম্বুলেন্স বরাদ্দ পেয়েছি তা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ আনা হয়েছে। মন্ত্রী মহোদয়ের সম্মতিতে আজকে এম্বুলেন্সটি উদ্বোধন করা হবে তিনি আরো বলেন স্বাস্থ্য কমপ্লেক্স হতে মান সম্মত সেবা প্রদান করা হচ্ছে। গত মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে আন্তঃ বিভাগ ৩২০জন, বহিঃ বিভাগ ৭৫৩৭ জন, জরুরী বিভাগ ৭৩০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। রূপগঞ্জ উপ-স্বাস্থ্য কেন্দ্রে মোট ৩৫১১ জনকে সেবা প্রদান করা হয়। প্রসুতি বিভাগ হতে নরমাল ডেলিভারী ২৮ টি, সিজারিয়ান ডেলিভারী ০০ টি, এবং কমিউনিটি ক্লিনিক হতে মোট ৩৯,০১৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। পরশিবাজার কমিউনিটি ক্লিনিক ও পিতল গঞ্জ কমিউনিটি ক্লিনিক এর ফ্লোর মেরামত প্রয়োজন মর্মে তিনি জানান। মুজিববর্ষ উপলক্ষে শতভাগ টিকা কার্যক্রম গ্রহণ করাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং তা বাস্তবায়নে কাজ করা হচ্ছে। | সেবার মান সন্তোষজনক পর্যায়ে রেখে কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা |
| ২ | উপজেলা প্রকৌশল বিভাগ | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য | | |
| ৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, চলতি রবি মৌসুমে ৩৫০ হেক্টর জমিতে বোরো ধানের বীজতলা স্থাপন করা হয়েছে। বর্তমানে ৪৩৭৫ হেঃ জমিতে বোরো ধান রোপন করা হয়েছে। রোপন কাজ চলমান। বোরো ধান আবাদের লক্ষমাত্রা ৭৮৫৮ হেক্টর নির্ধারণ করা হয়েছে। রবি মৌসুমের আবাদ শাক সবজির আবাদ শুরু হয়েছে। প্রায় ২৫০০ হেঃ জমিতে সবজী আবাদ করা হয়েছে। লালশাক, মূলাশাক, পালংশাক, ফুলকপি, বাধাকপি,টমেটো কর্তন করা হয়েছে। ফলন সন্তোষজনক। রাসায়নিক সারের মজুদ স্বাভাবিক রয়েছে। বর্তমানে ৩২০ মেঃ টন ইউরিয়া, ১০০ মেঃ টন টিএসপি, ২৫০ মেঃ টন ডিএপি এবং ২০০ মেঃ টন এমওপি সার মজুদ রয়েছে। মনিটরিং অব্যাহত রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও মুজিব বর্ষ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে দেশের প্রত্যেক জেলার প্রতি উপজেলায় প্রতিটি ইউনিয়নে ১টি করে এক দিনের ''কৃষি মেলা/উৎসব'' ১৭ মার্চ ২০২০ খ্রিঃ হতে ১৭ মার্চ/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়ন করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে।সারের মনিটরিং অব্যাহত রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূলতা দীঘিতে অ্যারেটর দেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধজানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা জানান যে, গবাদিপশুর টিকা প্রদান- চলতি মাসে- ৬৩২০টি।<br>হাঁস-মুরগির টিকা প্রদান- চলতি মাসে- ৪৭৩০০টি।<br>গবাদিপশুর কৃত্রিম প্রজনন- চলতি মাসে- ১১৩৮টি।<br>চিকিৎসা প্রদান- গবাদিপশু- চলতি মাসে- ৩৩৩৪টি।<br>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান- চলতি মাসে- ১৪৯৩০৯টি।<br>পোষা প্রাণির চিকিৎসা প্রদান- চলতি মাসে- ৪০টি।<br>চলতি মাসে পোল্ট্রি খাদ্যের নমুনা প্রেরন- ০৩টি।<br>উঠান বৈঠকের আয়োজন, চলতি মাসে- ৫টি।<br><u>রাজস্ব আদায় ঃ</u><br>টিকা বিক্রয়- ১৪,০২০/- টাকা।<br>কৃত্রিম প্রজনন ফি আদায়- ৩৪,১৪০/- টাকা।<br>খামার নিবন্ধন ফি আদায়- ২,০০০/- টাকা।<br>প্রতিটি উপজেলায় ন্যয় মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে অত্র উপজেলার ভুলতা ইউনিয়নের মাছুমাবাদ গ্রামকে স্মার্ট লাইভস্টক ভিলেজ হিসেবে গড়ে তোলা হবে। এছাড়া মাধ্যমিক স্কুলে ছাত্র/ছাত্রীদের দুধ,ডিম ও মাংসের উপকারিতা সম্পর্কে ক্লাস নেওয়া হবে। প্রজেনী শো হবে। ফ্রি মেডিক্যাল ক্যাম্পিং ও উঠান বৈঠকের মাধ্যমে খামারীদের সচেতন করা হবে। বিল বোর্ড/ব্যানার ফেষ্টুনের মাধ্যমে জন সচেতনতা বৃদ্ধি করা হবে। অত্র উপজেলার Baseline Survey করা হয়েছে। তাছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **<u>(ক) টিআর কর্মসূচি-১ম পর্যায়</u>**<br>(১) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে ১৬,৭৪,৩০৪.৪৪ টাকার বিপরীতে ২৬টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৭০%।<br>(২) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৪,৪৩,০৪১.১৪ টাকার বিপরীতে ৩০টি প্রকল্পের কাজ চলমান কাজের গড় অগ্রগতি ৪০%।<br>(৩) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন-সোলার খাতে ৪৯,৫৭,৬৬৬.০০ টাকার বিপরীতে ৮০টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৭৫০%।<br>(৪) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে ৪২,৭২,৮৮৮.৯৫ টাকার বিপরীতে ৭৭টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৪০%।<br>(৫) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় নন-সোলার খাতে ৩,৮৮,২৮৫.৬৪ টাকার বিপরীতে ১২ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৮৫%।<br>(৬) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় সোলার খাতে ৩,৪৫,২৪৩.৩৫ টাকার | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

বিপরীতে ০৭ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৪০%।

(৭) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় নন-সোলার খাতে ৬,২৭,০৬৪.৪১ টাকার বিপরীতে ১৩ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৭০%।

(৮) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় সোলার খাতে ৫,৫৭,৫২০.০৩ টাকার বিপরীতে ১৪ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৪০%।

**(খ)কাবিখা/কাবিটা কর্মসূচি-১ম পর্যায়**

(১) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন- সোলার খাতে ৬৪.১২০৪ মে:টন চালের বিপরীতে ০৮টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৭০% ।

(২) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৯,৫৫,৬৮৭.৫৯ টাকার বিপরীতে ৩৮টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৪০% ।

(৩) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন- সোলার খাতে ১৬০.৫৫৫ মে:টন চালের বিপরীতে ১১ টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৭০% ।

(৪) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে ৪৪,১২,৮০০.০০ টাকার বিপরীতে ৭৯টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৪০% ।

**(ক) টিআর কর্মসূচি-২য় পর্যায়**

(১) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে ১৬,৭৪,৩০৪.৪৪ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।

(২) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৪,৪৩,০৪১.১৪ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।

(৩) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন-সোলার খাতে ৪৯,৫৭,৬৬৬.০০ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।

(৪) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে ৪২,৭২,৮৮৮.৯৫ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।

(৫) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় নন-সোলার খাতে ৩,৮৮,২৮৫.৬৪ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।

(৬) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় সোলার খাতে ৩,৪৫,২৪৩.৩৫ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।

(৭) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় নন-সোলার খাতে ৬,২৭,০৬৪.৪১ টাকার

| | | | | |
|---|---|---|---|---|
| | | বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।<br>(৮) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় সোলার খাতে ৫,৫৭,৫২০.০৩ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।<br>**(খ)কাবিখা/কাবিটা কর্মসূচি-২য় পর্যায়**<br>(১) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন- সোলার খাতে ৬৪.১২০৪ মে:টন গমের বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।<br>(২) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৯,৫৫,৬৮৭.৫৯ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।<br>(৩) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন- সোলার খাতে ১৬০.৫৫৫ মে:টন গমের বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।<br>(৪) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে ৪৪,১২,৮০০.০০ টাকার বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প গ্রহনের প্রস্তুতি চলছে।<br>**(গ) দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণকর্মসূচি-১ম পর্যায়**<br>**কাবিটা বিশেষ কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে রূপগঞ্জ উপজেলায় ২৪টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ প্রকল্পের অধীনে ৭১,৯৬,৬৪০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৬৫%**<br>**(ঘ) সেতু/কালভার্ট কর্মসূচি-১ম পর্যায়**<br>(১) বিগত অর্থ বছর ও চলতি অর্থ বছরে সেতু কালভাট নির্মাণ কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্প সমূহের টেন্ডার প্রক্রিয়া দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা কে অনুরোধ জানান।<br>**(ঙ) ইজিপিপি কর্মসূচি-১ম**<br>(১) অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ১,৫৯,৭৬,০০০.০০টাকার বিপরীতে ৩৪টি প্রকল্পের কাজ বিগত ৩০/১১/২০১৯ তারিখে আরম্ভ করা হয়েছে। কাজ চলমান ।কাজের অগ্রগতি ১০০%।<br>**চ) এইচবিবি কর্মসূচি-১ম পর্যায়**<br>(১) গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসই করণ (এইচবিবি) কর্মসূচি-১ম পর্যায় ৩টি প্যাকেজে ভূলতা, ভোলাব,গোলাকান্দাইল ও কায়েতপাড়া ইউপির ৪ কি:মি: রাস্তার কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৭৫%<br>**ছ) বন্যা প্রবণ ও নদী ভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ :**<br>গোলাকান্দাইল ইউনিয়নের মজিবুর রহমান ভূইয়া উচ্চ বিদ্যালয়ে বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পটি অনুমোদিত হয়েছে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর থেকে ই-টেন্ডার আহবান করা হয়েছে। আগামী ১৬/০২/২০২০ ইং তারিখে দরপত্র বিক্রয়ের শেষ তারিখ এবং ১৭/০২/২০২০ ইং তারিখে দরপত্র দাখিল ও খোলা হবে। | | |
| ৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | অনুপস্থিত | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার বলেন, আন্ত ক্রীড়া প্রাথমিক বিদ্যালয় খেলা-ধূলার কার্যক্রম চলমান রয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের এ বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। তিনি বলেন, এছাড়া কলকারখানায় যারা কাজ করে তাদের মধ্যে যারা লেখা পড়ায় আগ্রহী তাদের একটি তালিকা করা হচ্ছে। শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা করা এবং বিদ্যালয়ে কুইজ প্রতিযোগিতা ইত্যাদি বিষয়গুলো নিয়মিতভাবে মনিটরিং করা হয়।মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, রূপগঞ্জ উপজেলার চলমান এসএসসি ও অন্যান্য পরীক্ষা অত্যন্ত সুন্দর, সুষ্ঠু ও সম্পন্ন নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। এজন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার,রূপগঞ্জ, নারায়ণগঞ্জকে ধন্যবাদ জানান। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ সততা স্টোর স্থাপনে নির্দেশনা প্রদান করা হয়েছে। আমরা সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করবো। আগামী ১৬-০২-২০২০ খ্রিঃ তারিখে উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সমন্বয়ে শুদ্ধসুরে জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজন করা হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনের মাধ্যমে বইয়ের চাহিদা জমা দিচ্ছে। সরকারের নির্দেশনা মোতাবেক আমরা নোট বই ও গাইড বইকে নিষিদ্ধ করেছি। শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা চলমান রয়েছে। খেলা চলাকালীন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের তদারকি করার অনুরোধ জানান। ইতোমধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২০ শিক্ষাবর্ষের বই বিতরণ করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। ইতোমধ্যে বঙ্গবন্ধুকে জানি এ বিষয়ে আমরা প্রোগাম করেছি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, উপজেলা সমাজসেবা কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার বরাদ্দ বিভাজনের আলোকে নীতিমালা অনুযায়ী ব্যাপক মাইকিং ও প্রচার-প্রচারনার মাধ্যমে উন্মুক্ত বাছাইয়ের মাধ্যমে ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা অনুসারে উন্মুক্ত বাছাইয়ের দিন তারিখ নির্ধারন পূর্বক সিডিউল তৈরি করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পত্র প্রেরণ করা হয়েছে বলে তিনি জানান এবং সিডিউল মোতাবেক উন্মুক্ত বাছাইয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর | অনুপস্থিত | | |
| ১২ | মহিলা বিষয়ক | মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ২০১৯-২০ অর্থ বছরে ৮০ জন ভাতাভোগীর চূড়ান্ত অনুমোদন সম্পন্ন হয়েছে। ব্যাংক হিসাব খোলার কার্যক্রম চলছে। তাছাড়া বিভিন্ন ইউনিয়ন এ অসংখ্য গর্ভবতীর আবেদন রয়েছে, যাদের ভাতার আওতায় আনা সম্ভব হয় নাই। সেই সমস্ত ভাতাভোগীদের তালিকা সংগ্রহের জন্য মন্ত্রি মহোয়ের মৌখিক নির্দেশে সকল ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রতিটি ইউনিয়নে এডিপির সেলাই প্রশিক্ষনের তালিকা দেওয়ার জন্য অনুরোধ করা হয়। অত্র কার্যালয়ের জানু/২০ হতে মার্চ/২০ মাসের সেলাই প্রশিক্ষন ও আইজিএ প্রকল্পের বিউটিফিকেশন ব্লক বাটিক প্রশিক্ষন সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | বিআরডিবি | অনুপস্থিত | | |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য সহকারী প্রকৌশল অধিদপ্তর বলেন, চাহিদা ভিত্তিক প্রকল্পের অধীন প্রাথমিক বিদ্যালয়ে ৭টি দ্বিতল ওয়াশব্লক নির্মাণ কাজ চলিতেছে। বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় তারাব পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ কাজের ১ম প্যাকেজ এর দরপত্র আহবান করা হয়েছে। অতি দ্রুত কাজ আরম্ভ করা হবে। নলকূপ বরাদ্দ এখনো পাওয়া যায় নাই। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার বলেন, সমবায় মেলা মার্চ/২০ মাসে অনুষ্ঠিত হবে। বৃক্ষ রোপনের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তিনি আরো বলেন, জাইকার অর্থায়নে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬ | খাদ্য নিয়ন্ত্রক অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বলেন, আগামী মার্চ/২০২০ সাল হতে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ১০ টাকা কেজি দরে চাল সরবরাহ করা হবে। অত্র উপজেলার ০৭ টি ইউনিয়নে পূর্বের কার্ডের কার্যকারিতা বাতিল পূর্বক হালনাগাদ তালিকার ভিক্তিতে নতুন কার্ড ইস্যু করা হবে। ইতোমধ্যে কার্ড ছাপানো হয়েছে এবং তালিকার ভিক্তিতে উক্ত কার্ড লিখন সম্পন্ন উপজেলার কমিটির মাধ্যমে অনুমোদন করে চেয়ারম্যানের নিকট উক্ত কার্ড বিতরণের জন্য প্রেরণ করা হবে। খাদ্য বিভাগের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে মর্মে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | সমন্বয়কারী/ ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | অনুপস্থিত | | |
| ১৯ | পরিসংখ্যান | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর অধীন জনশুমারি ও গৃহ-গণনা ২০২১ এর জন্য তালিকারী/গণনাকারী ও সুপার ভাইজার নিয়োগের কাজ প্রায় শেষ পর্যায়। শুমারির প্রস্তুতি হিসেবে ১ম জোনাল অপারেশন/তালিকার কাজ ফেব্রুয়ারি/২০২০ মাসের শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবার সম্ভাবনা রয়েছে। এছাড়া উপজেলা পরিসংখ্যান অফিসের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন | অনুপস্থিত | | |
| ২১ | পজীপ | উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন, চলতি অর্থ বছরে ১১৭ জন সদস্যদের মধ্যে ৩১ লক্ষ আশি হাজার টাকার ঋণ বিতরণ করা হয়। উক্ত সময়ে ৩০ লক্ষ ৯৫ হাজার টাকা আদায় করা হয়। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ২২ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ জানান যে, জাতীয় পোগ্রামের সাথে সংগতি রেখে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক যথাযোগ্য মর্যাদার সহিত জাতির জনক বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী পালন করা হবে। রূপগঞ্জ উপজেলাকে ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে শতভাগ বিদ্যুতায়ন ঘোষনা করা হয়েছে। নতুন নতুন যে সকল ঘরবাড়ী নির্মিত হচ্ছে সেগুলোতে অতি অল্প সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রদান করা হচ্ছে এবং ভবিষ্যতেও এই কার্যক্রম অব্যাহত থাকবে। মুজিব বর্ষ হতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে পরিকল্পনা গ্রহন করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী বৈদ্যুতিক লাইনের যেসকল সমস্যা রয়েছে তা দ্রুত মেরামত কাজ অব্যাহত রয়েছে। ডিজিএম পল্লীবিদ্যুৎ বলেন, বিদ্যুৎ জাতীয় সম্পদ। "বিদ্যুৎ অপচয় রোধ করি, সোনার বাংলাদেশ গড়ি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে সবাইকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ি হওয়ার অনুরোধ জানান। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | | |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | অনুপস্থিত | | |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | পানি উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি জানান যে, মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি। বিশেষ করে আমাদের খাল খনন কর্মসূচি রয়েছে। আমরা মুজিববর্ষ আগেই খাল খনন কর্মসূচি বাস্তবায়ন করা হবে। আমাদের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পানি উন্নয়ন বোর্ড |
| ২৫ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সার্বিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ |
| ২৬ | বিবিধ-০১ | রূপগঞ্জ ইউনিয়নের ইউসুফগঞ্জ স্কুল এন্ড কলেজটি রাজউকের অধিগ্রহণকৃত এলাকাধীন হওয়ায় কলেজের অভ্যন্তরে অবস্থিত ইউসুফগঞ্জ কমিউনিটি ক্লিনিক সেবাগ্রহীতাদের সুবিধার্থে স্থানান্তর করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ইউসুফগঞ্জ কমিউনিটি ক্লিনিক স্থানান্তরে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭ | বিবিধ-০২ | | ভূলতা দিঘিতে ০৪টি অ্যারেটর দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮ | বিবিধ-০৩ | | প্রতিবন্ধী যাচাই বাছাই জরিপ কার্যক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভা মেয়র |

সংরক্ষিত মহিলা সদস্য বৃষ্টি, তিনি সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান। তিনি জানান যে, দাউদপুর ইউনিয়নের রাস্তার পাশের সোলার লাইট গুলোর বেশির ভাগ অকেজো। এছাড়া দাউদপুর ইউনিয়নের কৃষি জমিতে রাতের আধারে বালু ভরাট করা হচ্ছে যা আমাদের মধ্যে ভয়ের সৃষ্টি করছে। এ বিষয়ে সমাধানের জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তার ইউনিয়ন পরিষদের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান।

কায়েতপাড়া ইউনিয়ন প্রতিনিধি বলেন, আমাদের রূপসী ও পূর্বগ্রাম শিল্প এলাকা। এখানে ঘাটের সমস্য রয়েছে। ঘাটলা হলে কায়েতপাড়া ও রূপসীর জন্য উপকার হবে। এছাড়া বরালুর শীতলক্ষা নদীর তীরে অবস্থিত বরালু পাড়াগাওঁ বাতেনিয়া হাফেজিয়া মাদ্রাসার মাঠ ভেঙ্গে যাচ্ছে এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন এবং এর সমাধানের অনুরোধ জানান।

চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ বলেন, রূপগঞ্জ থেকে শিমুলিয়া বাজার পর্যন্ত ৩/৪টি কালভার্ট বা ছোট ব্রীজ রয়েছে। এগুলো সংকীর্ণ হওয়ায় এখানে সব সময় যানযট লেগে থাকে। কালভার্ট বা ছোট ব্রীজ গুলো প্রশস্ত করলে যানযটের সমস্যা দূর হবে। রূপগঞ্জ থেকে দাউদপুর পর্যন্ত রাস্তা প্রশস্ত করা প্রয়োজন। কাঞ্চন ব্রীজ হতে ফৌজরবাড়ী পর্যন্ত রাস্তাটি অত্যন্ত জনবহুল একটি রাস্তা। গভীর রাত্রে পাথর বোঝাই করা ২০/২৫ টন ওজনের ট্রাক চলাচলের কারণে রাস্তাটি বর্তমানে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। এ বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আর্কষণ করেন। এছাড়া কাঞ্চন ব্রীজ সংলগ্ন চত্বরটি বঙ্গবন্ধু চত্বর নামকরণের জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

চেয়ারম্যান ভূলতা ইউনিয়ন পরিষদ জানান যে, ইউডিএফ এর উন্নয়নমূলক কাজগুলো মুজিববর্ষের আগে শেষ করতে পারলে জনগণ অনেকটা উপকৃত হবে। ভুলতা ইউনিয়নে আতলাসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং আউখাব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নিমার্ণ হলে শিক্ষার্থীরা উপকৃত হবে। এছাড়া বর্তমানে যেসব বিদ্যালয়ে নিমার্ণ কাজ ধরা হয়েছে তা বর্ষার আগে যেনো শেষ করা এব বিভিন্ন রাস্তার পাশের সোলার লাইটগুলোর বেশির ভাগ অকেজো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

দাউদপুর ইউনিয়ন প্রতিনিধি জানান যে, দাউদপুর ইউনিয়নে এ সরকারের আমলে যথেষ্ঠ উন্নয়ন হয়েছে। আমরা অনেক আনন্দিত। এ ইউনিয়নের বেলদী বাজারো রাস্তায় প্রায় যানযট লেগে থাকে। এ রাস্তাটি প্রশস্ত করলে যানযট দূর করা যাবে। এছাড়া দাউদপুর ইউনিয়নের দেবই ক্লিনিক এর ছাদ পানি পরে এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ রূপগঞ্জ উপজেলায় নকলমুক্ত পরিবেশে এসএসসি/এসএসসি (ভোকেশনাল)/দাখিল/ দাখিল(ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ইউএনও মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি জানান, মুড়াপাড়া বাজারের যারা জমির মালিক তাদের জমির মিউটেশন দেওয়া হচ্ছে না। তারা ব্যাংক থেকে দলিলের অভাবে টাকা তুলতে পারছে না। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আর্কষণ করেন। আমাদের মন্ত্রী মহোদয়ের প্রচেষ্টায় মুড়াপাড়া পাইলট উচ্চ বিদ্যালয়কে সরকারিকরণ করা হয়েছে। এজন্য তিনি মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানান। দূর্যোগ ব্যবস্থাপনার আওতায় দীর্ঘদিন যাবত কোনো টেন্ডার হচ্ছে না। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

চেয়ারম্যান, ভোলাব ইউনিয়ন পরিষদ, সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান। মাননীয় মন্ত্রী মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি জানান যে, ভোলাব ইউনিয়নে ৩০ ফুট রাস্তার কাজ বাস্তবায়ন হলে ভোলাব ইউনিয়নের চিত্রই পরিবর্তন হয়ে যাবে। ভোলাববাসীর জীবনমানের পরিবর্তন হবে। আমাদের উপজেলা নির্বাহী অফিসার স্যার মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তিনি আমাদের রূপগঞ্জের জন্য প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। রূপগঞ্জে চলমান এসএসসি ও অন্যান্য পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে যা আমাদের ইউএনও স্যারের অবদান। তিনি আরো বলেন গণবাংলা উচ্চ বিদ্যালয় এর রাস্তার পাশে এবং বাজারের রাস্তার পাশে ড্রেন নির্মাণ করলে জনগণের চলাচল করতে সুবিধা হবে এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

চেয়ারম্যান বিআরডিবি সবাইকে নতুন শুভেচ্ছা জানান। মাননীয় মন্ত্রী মহোদয়য়ের উপস্থিতি আমাদের কাজের অনুপ্রেরণা যোগায়। আমি দোয়া করি মাননীয় মন্ত্রী মহোদয় দীর্ঘদিন সুস্থ্য থেকে যেন আমাদের সেবা করতে পারেন। এ মাস ভাষার মাস, ভাষার জন্য আমাদের ত্যাগ বিশ্বজুরে প্রংশসনীয়। একুশে ফ্রেবুয়ারি উদযাপনে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব সৈয়দা ফেরদৌসী আলম নীলা উপস্থিত সকলকে স্বাগত শুভেচ্ছা জানান। তিনি বলেন ফেব্রুয়ারি মাস ভাষার মাস, আমরা গর্বিত, ভাষার জন্য আমরা আন্দোলন করেছি। ভাষার জন্য আমাদের ত্যাগ বিশ্বজুরে প্রংশসনীয়। ভাষা দিবস উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি। অত্যান্ত মর্যাদার সাথে আমরা এ দিবসটি উদযাপন করবো। তিনি জানান, সকলের দোয়ায় মাননীয় মন্ত্রী মহোদয় সুস্থ্য আছেন। আমরা আপনার দীর্ঘায়ু কামনা করি। তিনি আরো বলেন, ফৌজবাড়ীর থেকে পড়শি পর্যন্ত রাস্তার দু পাশেই রাস্তা ঘেষে বাড়ি নির্মাণ করা হচ্ছে। বাড়ি করার ক্ষেত্রে তারা পর্যাপ্ত জায়গা রাখছে না, এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। মুজিববর্ষ উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য আমরা কাজ করে যাচ্ছি।

জনাব গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক) এমপি, মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বলেন যে, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন করবো। শত কষ্ট হলেও মুজিববর্ষ উপলক্ষে গ্রহীত কার্যক্রম আমরা বাস্তবায়ন করবো। প্রত্যেকটা অফিস, প্রত্যেকটা দপ্তর মুজিব বর্ষ উপলক্ষে গৃহীত কার্যক্রম শতভাগ সম্পন্ন করতে হবে। মুজিববর্ষকে উৎসব মুখর পরিবেশে উদযাপন উপলক্ষে মার্চ মাসে রূপগঞ্জ উপজেলার সকল শিল্পকারখানা, অফিস, দপ্তর, জনপ্রতিনিধিদের বাসভবন আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে। পাশাপাশি সামর্থ্য অনুযায়ী হাটবাজার আলোকসজ্জা করতে হবে। মুজিববর্ষ উপলক্ষে খাল খনন কাজ সম্পন্ন করতে হবে। খালের উপর কোনো দোকান রাখা যাবেনা, দোকান থাকলে তা উচ্ছেদ করতে হবে। পল্লী বিদ্যুৎ মাননীয় প্রধানমন্ত্রীর এক নম্বর টার্গেট। রূপগঞ্জ উপজেলায় শতভাগ বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। আমি বিদ্যুতায়নে হ্যাপি এবং গ্রাহকও হ্যাপি। রূপগঞ্জ উপজেলার এসএসসি/এসএসসি (ভোকেশনাল)/দাখিল/ দাখিল(ভোকেশনাল) পরীক্ষা অত্যন্ত সুষ্ঠু ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। আমি অত্যন্ত আনন্দিত। ইউএনও এর কঠোর হস্তক্ষেপের জন্যই নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। বর্তমান সরকারের প্রচেষ্টার ফলে শিক্ষার্থী ঝড়ে পড়ার হার অনেকাংশে কমে গেছে। যার ফলশ্রুতিতে ভবিষ্যতে বাংলাদেশ একটি শিক্ষিত জাতিতে রূপান্তরিত হবে। তিনি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। রূপগঞ্জ উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা হবে মর্মে সবার সহযোগিতা কামনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ যাদের রক্তের বিনিময়ে আমাদের স্বাধীনতা অর্জন হয়েছে সেই বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলম দস্তগীর গাজী, বীর প্রতিক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। মাননীয় মন্ত্রী মহোদয় সবসময় আমাদের সাথে সভায় উপস্থিত থাকেন। তার উপস্থিতি আমাদেরকে কাজের অনুপ্রেরণা যোগায়। মাননীয় মন্ত্রী মহোদয়ের প্রচেষ্ঠায় আমরা রূপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর জন্য অত্যাধুনিক একটি নতুন এম্বুলেন্স বরাদ্দ পেয়েছি। এম্বুলেন্সটি হাসপাতালে আনা হয়েছে। মন্ত্রী মহোদয়ের সম্মতিতে আজকে এম্বুলেন্সটি উদ্বোধন করা হবে। তিনি আরো বলেন, ফেব্রুয়ারি মাস ভাষার মাস। ভাষার জন্য আমাদের ত্যাগ বিশ্বজুরে প্রশংসনীয়। ২১ শে ফেব্রুয়ারিতে আমরা মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করবো। এ দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মুজিববর্ষকে উৎসব মুখর পরিবেশে উদযাপন উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। প্রত্যেকটি ডিপার্টমেন্ট মুজিববর্ষ উপলক্ষে আলাদাভাবে কর্মসূচি গ্রহণ করে আগামী সপ্তাহের মধ্যে এ কার্যালয়ে দাখিল করবেন। রূপগঞ্জ উপজেলাধীন এসএসসি/এসএসসি (ভোকেশনাল)/দাখিল/ দাখিল(ভোকেশনাল) পরীক্ষা অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে এবং সম্পন্ন নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। পরীক্ষার কেন্দ্র ও ভেন্যুর আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এছাড়া তিনি আরো জানান যে, এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে সভাপতি ও ম্যানিজিং কমিটির সমন্বয়ে সততা স্টোর প্রতিষ্ঠা করতে হবে। এ বিষয়ে পর্যবেক্ষণের জন্য তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। রূপগঞ্জ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধভাবে জাতীয় সংগীত গাইতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে শুদ্ধভাবে জাতীয় সংগীত এর চর্চা অব্যাহত রাখতে হবে। জাতীয় সংগীত এর সুরে সুরে প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। রূপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক ইভটিজিং ও মাদকদ্রব্য রোধের বিষয়ে শিক্ষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। মাদকের বিষয়ে কোন প্রকার ছাড় দেয়া হবে না। তিনি আরো বলেন, রূপগঞ্জের কৃষি জমিতে রাতের অন্ধকারে বালু ভরাট করা হচ্ছে। এ বিষয়ে সকলের সর্তক থাকতে হবে। কৃষি জমি কোনো ভাবেই নষ্ট হতে দেয়া যাবে না। প্রতিবন্ধী ভাতা বরাদ্দের পরিমান বৃদ্ধির ব্যবস্থা করায় মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানান। গভীর নলকূপ স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন গ্রহন করতে হবে। জবাবদিহিতা ও স্বচ্ছতার স্বার্থে সরকারি যে কোন বরাদ্দ বিষয়ে জনপ্রতিনিধিদের অবহিত করতে হবে। ১০ টাকা কেজি দরের চাল সুষ্ঠুভাবে বন্টন করা এবং প্রকৃত ভিক্ষুকদের তালিকা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়াও প্রতিমাসের ০১ তারিখের মধ্যে স্ব স্ব দপ্তরের সভার কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণের জন্য সকল অফিসারকে অনুরোধ জানান।

সভাপতি মহোদয় উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে দিক নির্দেশনামূলক আলোচনা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিত সদস্যগণকে রূপগঞ্জ উপজেলার উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার অনুরোধ জানান। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলম দস্তগীর গাজী, বীর প্রতিক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। আমরা অনেক আনন্দিত, আপনি সুস্থ্য আছেন। আপনি নিজের প্রতি অধিক যত্নশীল হবেন এটা আপনার প্রতি আমার অনুরোধ রইল। মুজিববর্ষকে যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদের পক্ষ হতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া প্রত্যেকটি ডিপার্টমেন্ট মুজিববর্ষকে সামনে রেখে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক মুজিববর্ষকে উৎসব মুখর পরিবেশে উদযাপন উপলক্ষে মার্চ মাসে রূপগঞ্জ উপজেলার সকল শিল্পকারখানা, অফিস, দপ্তর, জনপ্রতিনিধিদের বাসভবন, হাট-বাজার আলোকসজ্জার বিষয়ে আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো। মুজিবর্ষ উপলক্ষে রূপগঞ্জ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে সততার পরিচর্যার জন্য শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা নিশ্চিত করতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিফর্ম পরিধান নিশ্চিত করতে হবে। মুজববর্ষ উপলক্ষে আমরা প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করবো। এছাড়া তিনি আরো জানান, রূপগঞ্জ উপজেলাধীন এসএসসি/এসএসসি (ভোকেশনাল)/দাখিল/ দাখিল(ভোকেশনাল) পরীক্ষা সম্পূর্ণ নকল মুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে । সরকারের নির্ধারিত ফি ছাড়া অতিরিক্ত অর্থ গ্রহণ না করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ জানান। রূপগঞ্জের কৃষি জমিতে রাতের অন্ধকারে ভূমি দস্যু কর্তৃক বালু ভরাট করা হচ্ছে । এ উপজেলায় যেটুকু কৃষি জমি রয়েছে তা যেন ঠিক থাকে। কৃষি জমিতে রাতের অন্ধকারে বালু ফেললে আমাদেরকে জানান আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো। রূপগঞ্জ উপজেলায় কোন সমস্যার উদ্ভব হলে সম্মিলিত প্রয়াসে সমাধান করার প্রতি জোর আরোপ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহজাহান ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

F/Fahim Uddin/378.006.01.2011

স্মারক নং- ০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০০৯.২০-১৮৯(৩০)

তারিখ: ৩০ মাঘ ১৪২৬
১৩ ফেব্রুয়ারি ২০২০

সদয় জ্ঞাতার্থেঃ-

১। জনাব গোলাম দস্তগীর গাজী (বীরপ্রতীক),এমপি
মাননীয় মন্ত্রী, (বস্ত্র ও পাট মন্ত্রণালয়), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

২। উপজেলা ..........................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৪। চেয়ারম্যান.......................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

৫। জনাব/বেগম.................................................................... ।

মমতাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
☎ ০২-৭৬৫০১০১
০২-৭৬৫০০১৬
unorupganj@mopa.gov.bd

F/Fahim Uddin 378.006.01.2011